



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪

২৭ নভেম্বর ২০২৩

তারিখ: -----

১২ অগ্রহায়ণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৪ তারিখ: ০৫ অক্টোবর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- বাংলাদেশের অর্থনীতিতে মূল্যস্ফীতির উর্ধ্বমুখী ধারা অব্যাহত থাকার প্রেক্ষিতে তা হ্রাস করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে:
 - ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.৭৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং
 - প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.৭৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।
- এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে ২(ক) ও ২(খ) অনুচ্ছেদে বর্ণিত সুদহার প্রযোজ্য হবে।
- এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২